السنّة النبوية وعلومها
www.sunnah.global

“মুসলিমকে যখন কবরে প্রশ্ন করা হবে, তখন সে সাক্ষ্য দেবে যে: আল্লাহ ছাড়া (সত্য) কোনো উপাস্য নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল।

বারা ইবনু ‘আযিব রদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মুসলিমকে যখন কবরে প্রশ্ন করা হবে, তখন সে সাক্ষ্য দেবে যে: আল্লাহ ছাড়া (সত্য) কোনো উপাস্য নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল। “ এই অর্থ রয়েছে আল্লাহ তাআলার এই বাণীতে: يُثَبِّتُ اللّٰهُ الَّذِينَ آمَنُوا بِالقَوْلِ الثَّابِتِ فِي الحَيَاةِ الدُّنْيَا وَفِي الآخِرَةِ তথা: “যারা মুমিন তাদেরকে আল্লাহ সু-প্রতিষ্ঠিত বাণী দ্বারা ইহলৌকিক ও পরলৌকিক জীবনে প্রতিষ্ঠা দান করেন।” [সূরা ইবরাহীম: ২৭]।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

মুমিনকে কবরে জিজ্ঞাসা করা হবে, এবং এটির জন্য নিযুক্ত দু‘জন ফেরেশতা তাকে জিজ্ঞাসা করবেন, তারা হচ্ছেন: মুনকার এবং নাকির, যেমন অনেক হাদীসে উভয়ের নাম এভাবে এসেছে। তখন ঐ ব্যক্তি সাক্ষ্য দেবে যে” “আল্লাহ ছাড়া কোন প্রকৃত মাবূদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল।” নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এটাই হচ্ছে সু-প্রতিষ্ঠিত বাণী, যার কথা আল্লাহ তা‘আলা এ আয়াতে বলেছেন: “আল্লাহ অবিচল রাখেন ঈমানদারদেরকে সুদৃঢ় বাণী দ্বারা দুনিয়ার জীবনে ও আখিরাতে।” [সূরা ইবরাহীম: ২৭]।

https://www.sunnah.global/hadeeth/bn/show/4206

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee